# ২০২৬

## ষষ্ঠ সেমেস্টার

## বাংলা - সাম্মানিক

## পত্র : DSCC-14

## (লোকসংস্কৃতি ও লোকসাহিত্য)

পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) লোকসাহিত্যের সংজ্ঞা দাও। লোকসাহিত্যের সঙ্গে তথাকথিত শিষ্ট সাহিত্যের পার্থক্যগুলি আলোচনা করো। ৫+১০

*অথবা*

(খ) পারমার্থিক কামনা নয়, ইহলৌকিক কামনাই ব্রত-পালনের মুখ্য সুর।— ‘সেঁজুতি’ ব্রতানুষ্ঠানের প্রেক্ষিতে উক্তিটির যাথার্থ্য প্রতিপন্ন করো। ১৫

২। (ক) ছড়ার একটি গ্রহণযোগ্য সংজ্ঞা দাও। ছড়ার পাঠান্তরের কারণগুলি লেখো। ৫+১০

*অথবা*

(খ) লোকনৃত্য কাকে বলে? ছৌ-নৃত্যের বৈশিষ্ট্য আলোচনা করো। ৫+১০

৩। (ক) বাংলা আঞ্চলিক লোকসংগীত হিসেবে ভাওয়াইয়ার পরিচয় দাও। ১৫

*অথবা*

(খ) “মহুয়ার প্রেম কি নির্ভীক, কি আনন্দপূর্ণ! শ্রাবণের শত ধারার ন্যায় দুঃখ আসিতেছে, কিন্তু এই প্রেমের মুক্তাহার কণ্ঠে পরিয়া মহুয়া চিরবিজয়ী, মৃত্যুকে বরণ করিয়া মৃত্যুঞ্জয়ী হইয়াছে।”— এই উক্তির আলোকে মহুয়া চরিত্রের স্বরূপ আলোচনা করো। ১৫

৪। (ক) লোকসংস্কৃতি চর্চায় টাইপ-মোটিফ পদ্ধতির প্রাসঙ্গিকতা বিচার করো। ৫

*অথবা*

(খ) ‘পুণ্যিপুকুর ব্রত’ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

৫। (ক) ধাঁধার বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। ৫

*অথবা*

(খ) প্রকৃতিবিষয়ক বাংলা প্রবাদ সম্পর্কে সংক্ষেপে লেখো। ৫

৬। (ক) বাংলা আঞ্চলিক লোকসংগীত হিসেবে ভাটিয়ালীর সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

*অথবা*

(খ) পশুকথার বৈশিষ্ট্য সংক্ষেপে লেখো। ৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'Folklore' শব্দটি প্রথম কে ব্যবহার করেন?

(খ) 'Folklore'-এর বাংলা প্রতিশব্দ 'লোকশ্রুতি' কে প্রস্তাব করেন?

(গ) 'টাইপ-মোটিফ' পদ্ধতির সঙ্গে যুক্ত একজনের নাম জানাও।

(ঘ) 'বাংলার ব্রত' গ্রন্থটির রচয়িতা কে?

(ঙ) 'মাঘমণ্ডল ব্রত' মাঘমাসের কোনদিন থেকে শুরু হয়, কোনদিন পর্যন্ত পালিত হয়?

(চ) ছড়ার ছন্দ হিসেবে মূলত কোন ছন্দটি প্রচলিত?

(ছ) 'ধাঁধা' শব্দের উৎস কী?

(জ) 'রায়বেঁশে' কথার অর্থ কী?

(ঝ) 'গম্ভীরা' কোন জেলার নৃত্য?

(ঞ) প্রবাদ, লোকসংস্কৃতির কোন ধারার অন্তর্গত?

(ট) ভাটিয়ালী গান কোন জীবিকার মানুষের মুখে শোনা যায়?

(ঠ) উত্তরবঙ্গের বিখ্যাত লোকসংগীত কী?

(ড) বাউল গানে ব্যবহৃত যন্ত্রের নাম কী?

(ঢ) নীতিকথা জাতীয় লোককথার একটি উদাহরণ দাও।

(ণ) মহুয়া পালার নায়কের নাম কী?

---